

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২২৯(আগরতলা, ১৭।০৪)

বিলেনীয়া, ১৭ এপ্রিল, ২০১৮

আগামীকাল দক্ষিণ ত্রিপুরা জেলায় স্বচ্ছ ভারত দিবস

দক্ষিণ ত্রিপুরা জেলায় আগামীকাল পালন করা হবে স্বচ্ছ ভারত দিবস। এদিন দক্ষিণ ত্রিপুরা জেলার অন্তর্গত প্রতিটি গ্রাম পঞ্চায়েত, এডিসি ভিলেজ, বিভিন্ন ব্লক ও জেলা স্তরে একযোগে স্বেচ্ছা শ্রম দানের মাধ্যমে সাফাই অভিযান সংগঠিত হবে। এছাড়া শোভাযাত্রা, বাড়ী বাড়ী গিয়ে স্বচ্ছতা নিয়ে প্রচার অভিযান চালানো হবে। জেলার জোলাইবাড়ী ব্লকের ২৪টি গ্রাম পঞ্চায়েত ও এডিসি ভিলেজে ১টি করে পরিবারকে বিজ্ঞান সম্মত শৌচালয় নির্মাণ করে দেওয়া হবে। ১৮ এপ্রিলের আগে যেসব পরিবার বিজ্ঞান সম্মত শৌচালয় তৈরীর কাজ সম্পন্ন করবে তাদের প্রত্যেককে স্বচ্ছতার চিহ্নযুক্ত ছাতা উপহার দেওয়া হবে। দক্ষিণ ত্রিপুরা জেলার অন্তর্গত বিভিন্ন গ্রাম পঞ্চায়েত, এডিসি ভিলেজ, ব্লক এবং জেলাকে শৌচযুক্ত করার লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি গ্রহণ করা হয়েছে বলে দক্ষিণ ত্রিপুরা জেলার জেলা শাসক সি কে জমাতিয়া জানিয়েছেন।
